# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ একটি কোম্পানির কিছু লোক 'ক' নামক একটি দেশ দখল করে দীর্ঘদিন শাসন কার্য চালায়। এখানে তারা নিজেদের প্রয়োজনে স্কুল কলেজ স্থাপন করে। কিন্তু শিক্ষা লাভ করায় 'ক' দেশের জনগণ তাদের অধিকার সম্পর্কে সচেতন হয় এবং কোম্পানি তাদের আন্দোলনকে ব্যর্থ করে দিতে হিন্দু ও মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টি করে। কিন্তু তার পরেও কোম্পানি সফল হয়নি। আন্দোলনের মুখে তারা দেশটিকে দুটো ভাগে ভাগ করে স্বাধীনতা দিয়ে দেয়।

ক. ফরাসিরা কত সালে বাংলায় প্রবেশ করে? ১

খ. দ্বৈত শাসন ব্যবস্থা কেমন ছিল? ২

গ. উক্ত আন্দোলনের সাথে কোন আন্দোলনের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর হিন্দু ও মুসলিম বিভেদের কারণেই দুটো স্বাধীন দেশের জন্ম হয়? তোমার মতামত দাও। ৪

২. ★ নিচের চিত্র দেখে প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. চর্যাপদের কাল নির্ণয় করেন কে? ১

খ. সাংস্কৃতিক উন্নয়নে প্রযুক্তির ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন শিল্পের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শিল্পকর্ম টিকিয়ে রাখার ক্ষেত্রে সরকার কী কী ভূমিকা পালন করতে পারে? মতামত দাও। ৪

৩. ★ জেএসসি পরীক্ষা শেষে লামিয়া তার নানার সাথে বাংলাদেশের বিভিন্ন প্রত্নিনিদর্শন দেখতে বের হয়। সে প্রত্নিনিদর্শনের মধ্যে এক জায়গায় দেখতে পেল বাংলার নবাব,

https://teachingbd24.com

জমিদার ও ইংরেজ শাসনামলের বেশ কিছু প্রত্নসম্পদ, দিনাজপুরের মহারাজার ব্যবহার করা দ্রব্য এবং হাতির দাঁতের কারুকাজ করা শিল্পদ্রব্য।

ক. অফিস বাড়ি হিসেবে তৈরি ঢাকার সবচেয়ে সুন্দরতম ভবন কোনটি? ১

খ. উত্তর গণভবন সম্পর্কে দুটি বাক্য লেখ। ২

গ. লামিয়ার পরিদর্শন করা জায়গাটি সম্পর্কে বর্ণনা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত জায়গাটি বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে— যুক্তি দাও। ৪

৪.▶ অর্ক লেখাপড়ায় তেমন ভালো নয়। কিন্তু সে সব সময় ভালো ছেলেদের সাথে উঠাবসা করে। ফলে তার রেজাল্ট ভালো। সে নিয়মিত স্কুলে আসে এবং মনোযোগ দিয়ে স্যারের কথা শোনে। অন্যদিকে সেলিম মেধাবী ছাত্র কিন্তু সে সব সময় পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সঙ্গে চলাফেরা করে এবং রাত জেগে ফেসবুকে বন্ধু-বান্ধবদের সাথে চ্যাটিং করে। ফলে সে লেখাপড়ায় অনেক পিছিয়ে পড়েছে।

ক. গণমাধ্যম কী? ১

খ. ব্যক্তির সামাজিকীকরণে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? ব্যাখ্যা করো। ২

গ. অর্কর ভালো ছাত্র হয়ে উঠার পেছনে সহপাঠীর ভূমিকা ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর, সেলিমের পড়ালেখায় পিছিয়ে যাওয়ার ক্ষেত্রে প্রযুক্তি দায়ী? ব্যাখ্যা করো। ৪

৫.▶ জনাব রহিম সাহেব 'ক' দেশে জন্মগ্রহণ করেন। সে দেশে জনসংখ্যা অত্যধিক ঘনবসতিপূর্ণ। জীবিকার প্রয়োজনে সে দেশের অনেক লোক বিশ্বের বিভিন্ন দেশে বসবাস করছে। জনাব রহিম সাহেবও ইউরোপের একটি দেশে চাকরি করেন। সে দেশ থেকে পাঠানো রেমিটেন্স দিয়ে রহিমের বাবা একটি গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠা করেন যা 'ক' দেশের বেকারত্ব দূরীকরণে ভূমিকা রাখছে।


ক. রেমিটেন্স কী? ১

খ. দারিদ্র্যের দুষ্টচক্র ধারণাটি ব্যাখ্যা করো। ২


গ. 'ক' দেশের মানব উন্নয়ন সূচক ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর, রহিমের মতো প্রবাসীদের পাঠানো রেমিটেন্সের কারণেই 'ক' দেশ বর্তমানে উন্নয়নশীল? ব্যাখ্যা করো। ৪

৬. ★ উপরের ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:


চিত্র-ক


চিত্র-খ


চিত্র-গ

https://teachingbd24.com

ক. রাষ্ট্র পরিচালনার মূলনীতি চারটি কোথায় লিপিবদ্ধ আছে? ১
খ. জনগণ সকল ক্ষমতার উৎস— ব্যাখ্যা করো। ২
গ. 'ক' চিত্রের কার্যাবলি বর্ণনা করো। ৩
ঘ. চিত্র 'গ' এর কারণেই দেশ দুর্নীতি, সন্ত্রাস ও অপরাধ মুক্ত থাকে— ব্যাখ্যা করো। ৪

৭. জামির নানার বাড়ি খুলনা জেলার সাতক্ষীরা জেলায়। বর্ষাকালে সে তার নানার বাড়ি বেড়াতে যায়। নানা বাড়ি অবস্থানকালে সে টিভিতে ঐ এলাকার জন্য ১০নং মহাবিপদ সংকেত এর খবর পায়। এ খবরে ঐ এলাকার সকলে আশ্রয়কেন্দ্রে গিয়ে আশ্রয় গ্রহণ করে। ফলে ঐ এলাকার লোক বড় ধরনের হতাহতের হাত থেকে রক্ষা পায়।

ক. গ্রিনহাউস গ্যাস কী? ১
খ. ভূমিধস হয় কেন? ২
গ. জামির নানার এলাকায় কোন ধরনের দুর্যোগ দেখা দিয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত দুর্যোগের ক্ষয়ক্ষতির পরিমাণ কমাতে টিভি ও ফেসবুকের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৮. ২০১৬ সালের মে মাস। দিনাজপুর জিলা স্কুলে সকল ছাত্র তখন ক্লাসে। হঠাৎ করে পুরো ভবন কেঁপে উঠে। ছাত্ররা তড়িঘড়ি করে স্কুল মাঠে অবস্থান নেয়। কায়েক সেকেন্ড পরে কম্পন থেমে যায়। ছাত্ররা আবার ক্লাসে অবস্থান নেয়।

ক. এইসসিএফসি-এর পূর্ণরূপ কী? ১
খ. দুর্যোগকালীন সময়ে সতর্ক সংকেতগুলো কী কী অর্থ বহন করে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত দুর্যোগের ভয়াবহতা ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত দুর্যোগে ক্ষয়ক্ষতি ও প্রাণহানি কমাতে দুর্যোগ চলাকালীন কার্যক্রম অপেক্ষা দুর্যোগ পরবর্তী কার্যক্রম অধিক ভূমিকা পালন করে— তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

৯. ▶ চিত্র দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:



চিত্র–ক



চিত্র–খ

teachingbd24.com


https://teachingbd24.com

ক. দুর্যোগ কয় ধরনের? ১
খ. সুনামি বলতে কী বোঝায়? ২
গ. বৈশ্বিক উষ্ণায়নে 'ক' চিত্রের প্রভাব ব্যাখ্যা করো। ৩
ঘ. 'খ' চিত্রের কার্যকলাপ পরিবেশের জন্য হুমকিস্বরূপ— মতামত দাও। ৪

১০. ▶ জনাব 'X' স্থানীয় সরকার কাঠামোর প্রধান। তার অফিসে তিনি সহ মোট ১৩ জন প্রত্যক্ষ ভোটের মাধ্যমে নির্বাচিত।

ক. রাষ্ট্রের মূল চালিকা শক্তি কী? ১
খ. রাষ্ট্রীয় মূলনীতি সমাজতন্ত্র এর মূল লক্ষ্য ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে যে স্থানীয় সরকার কাঠামোর বোঝানো হয়েছে তার কার্যবালি বর্ণনা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, স্থানীয় সরকারের এই ব্যক্তিগুলোর কার্যকলাপের সঙ্গে বাংলাদেশের উন্নয়ন জড়িত? ব্যাখ্যা করো। ৪

১১. ★ বাংলাদেশের জাতীয় আয়ের বিভিন্ন খাতের অবদান—



জাতীয় আয় ও উৎপাদন খাত

ক. মানবসম্পদ কাকে বলে? ১
খ. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করার ২টি উপায় লেখ। ২
গ. বাংলাদেশের অর্থনীতিতে ১নং খাতের অবদান কীভাবে বৃদ্ধি করা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করতে হলে ৩ ও ৪নং খাতের মধ্যে কোনটিকে গুরুত্ব দিতে হবে এবং কেন? ৪

https://teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট                                                                 মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ১৭৫৭ সালের পর বাংলায় যে শাসন প্রতিষ্ঠিত হয় তা কী নামে পরিচিত?
ⓚ ইংরেজ্ শাসন ⓛ ব্রিটিশ শাসন
ⓖ ঔপনিবেশিক শাসন ⓘ পাকিস্তানি শাসন

২. ★ ইউরোপের বিভিন্ন দেশ থেকে বহিরাগত শক্তি এদেশে আসে কী কারণে?
ⓚ ধনসম্পদের আকর্ষণে
ⓛ ক্ষমতার লোভে
ⓖ বাণিজ্য করতে
ⓘ দেশ দখল করতে

৩. ব্রিটিশ গভর্নর জেনারেলের হাতে ভূমি রাজস্ব ব্যবস্থা অর্পন করা হয় কোন আইনের মাধ্যমে?
ⓚ মর্লি-মিন্টো আইন ⓛ ভারত শাসন আইন
ⓖ সূর্যাস্ত আইন ⓘ দ্বৈত আইন

৪. ★ ১৮৫৭ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কারণ কী?
i. উচ্চতর শিক্ষা গ্রহণ করা
ii. শিক্ষা গবেষণা করা
iii. ইংরেজি চর্চা করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৫. ভারতীয় জাতীয় কংগ্রেস কোন ধরনের প্রতিষ্ঠান ছিল?
ⓚ ধর্মভিত্তিক ⓛ সাম্প্রদায়িক
ⓖ অসাম্প্রদায়িক ⓘ জাতীভিত্তিক

৬. কত সালের পর থেকে ভারতবর্ষে হিন্দু ও মুসলমানদের মধ্যে দ্বন্দ্ব স্পষ্ট হয়?
ⓚ ১৯০৫ ⓛ ১৯০৭
ⓖ ১৯০৯ ⓘ ১৯১০

৭. নিজ সংস্কৃতিকে অক্ষুণ্ন রেখে অন্য কোনো সাংস্কৃতিক উপাদানকে নিজ সংস্কৃতির সাথে আত্মস্থ করার প্রক্রিয়াকে কী বলে?
ⓚ সাংস্কৃতিক ব্যাপ্তি ⓛ সাংস্কৃতিক অঙ্গীকরণ
ⓖ সাংস্কৃতিক আদর্শ ⓘ সাংস্কৃতায়ন

৮. চর্যাপদ আবিষ্কার করেন কে?
ⓚ লুইপা ⓛ কাহ্নপা
ⓖ হরপ্রসাদ শাস্ত্রী ⓘ শেরপা

৯. ★ বাঙালি পুরুষেরা পহেলা বৈশাখে পাঞ্জাবি এবং মেয়েরা শাড়ী পরে। এটাকে কী বলে?
ⓚ সাংস্কৃতিক আত্মীকরণ ⓛ সাংস্কৃতিক আদর্শ
ⓖ সাংস্কৃতিক ব্যাপ্তি ⓘ সাংস্কৃতায়ন

নিচের অনুচ্ছেদ পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।
অর্কর দাদু তাকে ঢাকার একটি ময়দান পরিদর্শন করান। দাদু বলেন ১৮৫৭ সালে ভারতীয় যেসব সৈন্য স্বাধীনতার জন্য লড়াই করেছিল তাদেরকে ঐ ময়দানে গাছের সঙ্গে ঝুলিয়ে ফাঁসি দেয়।

১০. অর্কর দেখা স্থানটির নাম কী?
ⓚ আর্মেনিয়ান গির্জা ⓛ আন্টাঘর ময়দান
ⓖ এ্যাংলিকান গির্জা ⓘ হলিক্রস গির্জা

১১. উক্ত স্থানটির পরবর্তী নাম—
i. ভিক্টোরিয়া পার্ক
ii. বাহাদুর শাহ পার্ক
iii. কার্জন হল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১২. ঢাকার পুরনো গির্জা কোনটি?
ⓚ আর্মেনিয়ান গির্জা
ⓛ যোসেফ গির্জা
ⓖ সেন্ট টমাস এ্যাংলিকান গির্জা
ⓘ হলিক্রস গির্জা

১৩. ★ শশীলজ প্রাসাদটি কোথায় অবস্থিত?
ⓚ খুলনায় ⓛ যশোর
ⓖ ময়মনসিংহ ⓘ ঢাকা

১৪. ★ রবীন্দ্রনাথের কুঠিবাড়ি শিলাইদহ কোন জেলায় অবস্থিত?
ⓚ কুষ্টিয়া ⓛ ময়মনসিংহ
ⓖ খুলনা ⓘ যশোর

Teachingbd24.com

১৫. শিশুর সামাজিকীকরণে মা-বাবার পর কোন প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?
ক স্থানীয় সমাজ
খ সমবয়সী সঙ্গী
গ শিক্ষা প্রতিষ্ঠান
ঘ রাজনৈতিক প্রতিষ্ঠান

১৬. প্রস্তাব বা তথ্যাদি অপরের কাছে পৌছে দেওয়া হয় কোন প্রক্রিয়ায়?
ক ভাষা
খ অঙ্গীভূতকরণ
গ অভিভাবন
ঘ অনুকরণ

১৭. সবচেয়ে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম কোনটি?
ক সংবাদপত্র
খ বেতার
গ টেলিভিশন
ঘ ইন্টারনেট

১৮. শৈশব থেকে ব্যক্তিত্বকে প্রভাবিত করে কোনটি?
ক অঙ্গীভূতকরণ
খ অভিভাবন
গ স্থানীয় সমাজ
ঘ ভাষা

১৯. ★ সামাজিকীকরণ প্রক্রিয়ায় ব্যক্তি আয়ত্ত করে—
i. নিয়মনীতি
ii. মূল্যবোধ
iii. বিশ্বাস ও আদর্শ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদ পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।
সেলিমের বয়স ১৮ বছর। তার বাবা দিনমজুর হওয়ায় তাদের পরিবারে অভাব-অনটন লেগেই থাকে। সেলিম শারীরিকভাবে দুর্বল হওয়ায় সে কোথাও কাজ পায় না। দিন দিন সে আরও গরীব হয়।

২০. সেলিমের দুরবস্থা কোন পরিস্থিতিকে ইঙ্গিত করে?
ক অর্থনৈতিক অনগ্রসরতা
খ কর্মসংস্থানের অভাব
গ দারিদ্রের দুষ্টচক্র
ঘ প্রশিক্ষণের অভাব

২১. সেলিমকে মানবসম্পদে পরিণত করতে প্রয়োজন—
i. খাদ্য নিরাপত্তা প্রদান
ii. পুনর্বাসনের ব্যবস্থা করা
iii. শিক্ষার ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২২. ★ মালয়েশিয়া দেশটি হচ্ছে—
ক মধ্যপ্রাচ্যের
খ নিকট ও দূরপ্রাচ্যের
গ ইউরোপের
ঘ সার্কের

২৩. ২০১৫-১৬ অর্থবছরে এপ্রিল পর্যন্ত প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ—
ক ১২২৫৫ মিলিয়ন মার্কিন ডলার
খ ১১২৫৫ মিলিয়ন মার্কিন ডলার
গ ১৩২৫৫ মিলিয়ন মার্কিন ডলার
ঘ ১৩২৫৫ মিলিয়ন মার্কিন ডলার

২৪. সরকারকে মোটরগাড়ীর কীসের সাথে তুলনা করা হয়েছে?
ক ইঞ্জিন
খ বডি
গ ড্রাইভার
ঘ পেট্রল

২৫. বাংলাদেশের সংবিধান এ পর্যন্ত কতবার সংশোধন হয়েছে?
ক ১৪ বার
খ ১৫ বার
গ ১৬ বার
ঘ ১৭ বার

২৬. বাংলাদেশের সংবিধান সংশোধনের জন্য মোট সংসদ সদস্যদের কত ভাগ মতামত প্রয়োজন?
ক এক-তৃতীয়াংশ
খ দুই-তৃতীয়াংশ
গ তিন-চতুর্থাংশ
ঘ দুই-পঞ্চমাংশ

২৭. কোন শাসন ব্যবস্থায় জনগণকে রাষ্ট্রের মালিক মনে করা হয়?
ক একনায়কতন্ত্র
খ রাজতন্ত্র
গ প্রজাতন্ত্র
ঘ অভিজাততন্ত্র

২৮. যানবাহনের নির্গত কালো ধোঁয়াকে কী বলা হয়?
ক অক্সিজেন
খ নাইট্রোজেন
গ সিএফসি
ঘ কার্বন ডাই-অক্সাইড

২৯. দুর্যোগকালীন সময়ে—
i. শুকনা খাবার সংরক্ষণ করতে হবে
ii. পূর্বাভাসের প্রতি মনোযোগী হতে হবে
iii. যথাসময়ে আশ্রয়কেন্দ্রে যেতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩০. বর্তমান বিশ্বে ব্যাপকহারে কী গড়ে উঠেছে?
ক জলাশয়
খ নগর
গ বনভূমি
ঘ গ্রাম

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | খ |